এসএসসি ২০১৭ এর কমন মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **রচনামূলক প্রশ্ন** পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো:** ১০

(ক) বাংলা নববর্ষ;

(খ) বিদ্যালয়ের শেষদিন।

২. (ক) এসএসসি পরীক্ষার পর অবসর দিনগুলো কীভাবে কাটাবে তা জানিয়ে তোমার বন্ধুকে একটি পত্র লেখো। ১০

অথবা, (খ) তোমার বিদ্যালয়ে স্বাধীনতা দিবস উদ্‌যাপন উপলক্ষে একখানা নিমন্ত্রণপত্র রচনা করো।

৩. **যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ১০

(ক) **সারাংশ লেখো:**

প্রকৃত জ্ঞানের স্পৃহা না থাকলে শিক্ষা ব্যর্থতায় পর্যবসিত হয়। তখন পরীক্ষায় পাসটাই বড় হয় এবং পাঠ্যপুস্তকের পৃষ্ঠায় জ্ঞান সীমাবদ্ধ থাকে। এই কারণেই পরীক্ষায় পাস করা লোকের অভাব নেই আমাদের দেশে, কিন্তু অভাব আছে জ্ঞানের। যেখানেই পরীক্ষা পাসের মোহ তরুণ ছাত্র-ছাত্রীদের উৎকণ্ঠিত রাখে, সেখানেই জ্ঞান নির্বাসিত জীবনযাপন করে। একটি স্বাধীন জাতি হিসেবে জগতের বুকে অক্ষয় আসনলাভ করতে হলে জ্ঞানের প্রতি তরুণ সমাজকে অনুপ্রাণিত করতে হবে। সহজ লাভ আপাতত সুখের হলেও পরিণামে কল্যাণ বহন করে না। পরীক্ষা পাসের মোহ থেকে মুক্ত না হলে তরুণ সমাজের সামনে কখনোই জ্ঞানের দিগন্ত উন্মোচিত হবে না।

(খ) **সারমর্ম লেখো:**

শৈশবে সদুপদেশ যাহার না রোচে,

www.facebook.com/StudentBDweb

জীবনে তাহার কভু মূর্খতা না ঘোচে।
চৈত্র মাসে চাষ দিয়া না বোনে বৈশাখে,
কবে সেই হৈমন্তিক ধান পেয়ে থাকে?
সময় ছাড়িয়া দিয়া করে পণ্ডশ্রম,
ফল কহে, সেও অতি নির্বোধ অধম।
খেয়াতরী চলে গেলে বসে থাকে তীরে।
কিসে পার হবে, তরী না আসিলে ফিরে?

৪. **যেকোনো একটি ভাবসম্প্রসারণ করো:** ১০

(ক) অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।

অথবা, (খ) ভোগে সুখ নাই, ত্যাগেই প্রকৃত সুখ।

৫. (ক) 'পরিবেশগত ভারসাম্য রক্ষার জন্যে চাই বৃক্ষরোপণ'— এ শিরোনামে একটি প্রতিবেদন রচনা করো। ১০

অথবা, (খ) তোমার বিদ্যালয়ে অনুষ্ঠিতব্য বিজ্ঞান মেলার ওপর একটি প্রতিবেদন প্রণয়ন করো।

৬. **যেকোনো একটি বিষয়ে রচনা লেখো:** ২০

(ক) আমার প্রিয় কবি;
(খ) জাতি গঠনে ছাত্রসমাজের ভূমি;
(গ) ইন্টারনেট ও আজকের বিশ্ব।

ফেসবুক এ সব আপডেট পেতে লাইক ও বন্ধুদের সাথে শেয়ার করে রাখুন।

www.facebook.com/StudentBDweb

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ০ ২

সময় — ৩০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. 'ঢিমে তেতালা' বাগ্‌ধারাটির অর্থ হলো—
ⓚ তালজ্ঞান বর্জিত ⓚh খুবই মন্থর গতি
ⓖ অল্প পরিশ্রমে কাতর ⓖh বিস্ময়ে হবাক হওয়া

২. 'অহংকার নেই যার' এর সঠিক বাক্য সংকোচন হবে?
ক) নিরঅহংকারী খ) নিরহংকারী
গ) নিরহংকার ঘ) নিঃঅহংকার

৩. 'পঞ্চত্বপ্রাপ্তি' শব্দটির সঠিক প্রতিশব্দ কোনটি?
ক) আশীর্বাদ লাভ খ) স্বর্গলাভ
গ) জীবন ঘ) মৃত্যু

৪. 'ক্তি' প্রত্যয় যোগ করলে 'চ' ও 'জ' স্থলে কী হবে?
ক) ক খ) ঝ
গ) ত ঘ) ম

৫. নির্দিষ্টতা বোঝাতে সংখ্যাবাচক শব্দের সঙ্গে কোনটি যুক্ত হয়?
ক) গোটা খ) দুটো
গ) এক ঘ) টি

৬. নিচের কোনগুলো অনুগামী সমুচ্চয়ী অব্যয়?
ক) কিন্তু, বরং খ) যদিও, যেন
গ) যথা, তথা ঘ) হ্যাঁ, বেশতো

৭. নিরে কোনটি উপপদ তৎপুরুষ সমাসের উদাহরণ?
ক) মনমরা খ) মধুমাখা
গ) পকেটমার ঘ) আলুনি

৮. ভিন্নার্থক শব্দ যোগে দ্বিরুক্ত শব্দ গঠন করা হয়েছে কোনটিতে?
ক) অলিগলি খ) বাতটাত
গ) ছটফট ঘ) চুপচাপ

৯. খাঁটি বালা শব্দে 'এ' ধ্বনির উচ্চারণ কেমন হয়?
ক) সংবৃত খ) বিবৃত
গ) হ্রস্ব ঘ) দীর্ঘ

১০. অ + ঃ + অ = ও। এ নিয়মে সাধিত সন্ধি কোনটি?
ক) মনোরম খ) তপোবন
গ) ততোধিক ঘ) তিরোধান

১১. 'সে-ই কাজটা করে থাকবে।' বাক্যে যৌগিক ক্রিয়া কী অর্থে ব্যবহার করা হয়েছে?
ক) সম্ভবনায় খ) সন্দেহ প্রকাশে
গ) নির্দেশে ঘ) দৃঢ়তা

১২. 'নয়ন' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক) নী + অনট খ) নে + অনট
গ) নী + অন ঘ) নে + অন

১৩. 'শত্রুর সহিত সন্ধি চাই না' বাক্যটিতে 'সহিত' অনুসর্গটি কী অর্থ প্রকাশ করেছে?
ক) সহগামিতা খ) বিরুদ্ধগামিতা
গ) দিকে বা সঙ্গে ঘ) সমসূত্রে

১৪. নিচের কোন অব্যয়ীভাব সমাসটি 'বীপ্সা' অর্থে প্রয়োগ হয়েছে?
ক) ঈষৎ নত = আনত
খ) পা থেকে মাথা পর্যন্ত = আপাদমস্তক
গ) ক্ষণ ক্ষণ = অনুক্ষণ
ঘ) বিরুদ্ধ কুল = প্রতিকূল

১৫. বাক্যের পদক্রমে সম্বন্ধপদ বিশেষ্যের পূর্বে বসে- এর উদাহরণ কোনটি?
ক) তুমি বাড়ি যাবে না আমি যাব
খ) জানি তোমার মুরদ কতটুকু
গ) না চাইতে দানের কোন মর্যাদা নেই
ঘ) ঘরের ছেলে ঘরে ফিরে এসেছে

১৬. বিপরীত অর্থে 'অপ' উপসর্গ যুক্ত শব্দ কোনটি?
ক) অপমান খ) অপকর্ম
গ) পরাজয় ঘ) অপনোদন

১৭. কর্মবাচ্যের ধাতু বাক্যের মধ্যে কোনটির অনুসারী হয়?
ক) বাক্যের ক্রিয়াপদের খ) বাক্যের কর্তা পদের
গ) বাক্যের নামপদের ঘ) বাক্যের কর্তার

১৮. 'ঝির ঝির করে বাতাস বইছে' অব্যয়ের দিরুক্তিতে কী অর্থ প্রকাশ করেছে?
ক) অনুভূতি খ) ভাবের গভীরতা
গ) ধ্বনি ব্যঞ্জনা ঘ) পৌনঃপুনিকতা

১৯. শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন

www.facebook.com/StudentBDweb

ঘটলে তাকে বলে–

ⓚ বিষমীভবন ⓚ ধ্বনি বিপর্যয়

ⓖ ব্যঞ্জনচ্যুতি ⓖ ব্যঞ্জন বিকৃতি

২০. নিত্য পুরুষ বাচক শব্দ কোনটি?

ক) সধবা খ) ঘোষ

গ) ঢাকী ঘ) দাই

২১. 'সই' তদ্ধিত প্রত্যয়টি 'মত' অর্থ প্রকাশ করে, এর ব্যতিক্রম কোনটি?

ক) নামসই খ) টেকসই

গ) মানানসই ঘ) জুতসই

২২. 'সে গতকাল পরীক্ষা দেয়নি'।— বাক্যটি কোন কালের?

ক) সাধারণ অতীত খ) সাধারণ বর্তমান

গ) পুরাঘটিত অতীত ঘ) পুরাঘটিত বর্তমান

২৩. সাধারণ মধ্যম পুরুষের বর্তমান কালের অনুজ্ঞায় চলিত রীতির বিভক্তি কোনটি?

ক) উক খ) উন

গ) ন ঘ) ও

২৪. বাক্যের প্রকাশভঙ্গি অনুসারে কর্তা কত প্রকার?

ক) দুই খ) তিন

গ) চার ঘ) পাঁচ

২৫. 'ধনধান্য পুষ্পে ভরা, আমাদের এই বসুন্ধরা'। মিশ্র বাক্যটিতে কোন ধরনের আশ্রিত খণ্ডবাক্য রয়েছে?

ক) বিশেষ্য স্থানীয় খ) বিশেষণ স্থানীয়

গ) ক্রিয়া বিশেষণ স্থানীয়

ঘ) অব্যয় স্থানীয়

২৬. 'মাথা ব্যথা' দ্বারা কী বোঝায়?

ক) ভাবনা করা খ) আগ্রহ

গ) রোগবিশেষ ঘ) দায়িত্ব গ্রহণ

২৭. 'চোরটা ধরা পড়েছে' এটি কোন বাচ্যের উদাহরণ?

ক) কর্তৃবাচ্যের খ) কর্মবাচ্যের

গ) ভাববাচ্যের ঘ) কর্মকর্তৃবাচ্যের

২৮. একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোন চিহ্ন ব্যবহার করতে হয়?

ক) কমা

খ) হাইফেন

গ) কোলন

ঘ) সেমিকোলন

২৯. নিচের কোনটি ফারসি শব্দ?

ক) কেচ্ছা খ) টিন

গ) পাত্র ঘ) রসদ

৩০. কেবল তোমার জন্য আমার এ দুর্ভোগ'।— বাক্যে 'কেবল' শব্দ দ্বারা কী বোঝানো হয়েছে?

ক) বিশেষ্য

খ) বিশেষণ

গ) অনুসর্গ

ঘ) উপসর্গ

উত্তর																														
	১	খ	২	গ	৩	ঘ	৪	ক	৫	ঘ	৬	খ	৭	ক	৮	ক	৯	খ	১০	গ	১১	খ	১২	ক	১৩	ঘ	১৪	গ	১৫	ঘ
	১৬	ক	১৭	খ	১৮	গ	১৯	খ	২০	গ	২১	ক	২২	খ	২৩	ঘ	২৪	গ	২৫	খ	২৬	খ	২৭	খ	২৮	গ	২৯	খ	৩০	গ

এসএসসি পরীক্ষার সর্ট সাজেশন পেতে আমাদের সাথে থাকুন।
প্রতি পরীক্ষার আগের দিন প্রকাশ করা হবে।

ফেসবুক এ সব আপডেট পেতে লাইক ও বন্ধুদের সাথে শেয়ার করে রাখুন।

www.facebook.com/StudentBDweb